ভোরের কাগজ

MAY 06 2002

তারিখ ...............
পৃষ্ঠা ...১২... কলাম ...৬....

# ফজিলাতুন্নেসা কলেজের শিক্ষার্থীদের পরীক্ষা নিতে জাতীয় বিশ্ববিদ্যালয়কে হাইকোর্টের নির্দেশ

কাগজ প্রতিবেদক : বঙ্গবন্ধুর সহধর্মিণী শেখ ফজিলাতুন্নেসার নামে কলেজের নাম হওয়ায় মিরপুর ফজিলাতুন্নেসা টিচার্স ট্রেনিং কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা বাতিল করে দেওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে কলেজের প্রিন্সিপালের হাইকোর্টে দায়েরকৃত রিটের পরিপ্রেক্ষিতে গতকাল হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণে ব্যবস্থা করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়কে নির্দেশ দিয়েছে।

রিট আবেদনকারী সূত্রে জানা গেছে, কলেজের বিএড পরীক্ষায় অংশগ্রহণের জন্য

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৭

## ফজিলাতুন্নেসা কলেজের

● শেষের পাতার পর

বিশ্ববিদ্যালয়ে ফরম চেয়ে আবেদন করলে বিশ্ববিদ্যালয় থেকে কোনো ফরম সরবরাহ করা হয়নি। কিছু দিন আগে বিশ্ববিদ্যালয় থেকে জানানো হয় ফজিলাতুন্নেসা কলেজের ছাত্রছাত্রীরা পরীক্ষায় অংশ নিতে পারবে না এবং কলেজের কেন্দ্রও বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এই চিঠি পেয়ে কলেজ কর্তৃপক্ষ ও ছাত্রছাত্রীরা কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েন। কারণ আগামী ১১ মে থেকে বিএড পরীক্ষা শুরু হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে গতকাল রোববার কলেজের প্রিন্সিপাল রওশন আরা বেগম হাইকোর্টের বিচারপতি হামিদুল হক ও বিচারপতি নাজমুন আরা সুলতানা সমন্বয়ে গঠিত বেঞ্চে রিট করেন। রিটের শুনানিতে এডভোকেট ওজায়ের ফারুক বলেন, শুধু বঙ্গবন্ধুর সহধর্মিণীর নামের প্রতি প্রতিহিংসাবশতই জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রছাত্রীদের প্রতি অন্যায় আচরণ করেছে। শুনানি শেষে আদালত জাতীয় বিশ্ববিদ্যালয়কে ফজিলাতুন্নেসা কলেজের ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণের নির্দেশ দিয়ে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত কেন অবৈধ হবে না এর কারণ দর্শানোর জন্য রুলনিশি জারি করেছেন।